



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ১৩৯

## বিভাগীয় বইমেলার উদ্বোধন করলেন বিভাগীয় কমিশনার

রাজশাহী; ৩ পৌষ (১৮ ডিসেম্বর):

রাজশাহী নগরীর কালেক্টরেট মাঠে শুরু হয়েছে আট দিনব্যাপী বিভাগীয় বইমেলা ২০২৪। আজ বুধবার (১৮ ডিসেম্বর) বিকালে বেলুন ফেস্টুন উড়িয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং রাজশাহী বিভাগীয় প্রশাসনের ব্যবস্থাপনায় আয়োজিত এ বইমেলার উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো. রেজাউল আলম সরকারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মো. আলমগীর রহমান, আরএমপি'র কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, জেলা প্রশাসক আফিয়া আখতার, অতিরিক্ত পুলিশ সুপার আবু সালেহ মোহাম্মদ আশরাফুল এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক আফসানা বেগম।

বই মেলার উদ্দেশ্য জানাতে বক্তব্য বলেন, বর্তমান প্রজন্মের বই পড়ার প্রতি তেমন আগ্রহ নেই। কিন্তু একসময় মানুষ বই পড়ার প্রতি অনেক আগ্রহী ছিল। ঘূরতে বা ভ্রমণ করতে গেলে বই সংগে নিয়ে যেত, অবসর সময়ে যেন বই পড়তে পারে। আবার অনেক সময় অনেকে অর্থের অভাবে বই কিনতে না পেরে অন্যের কাছ থেকে ধার নিয়ে বই পড়েছে। বর্তমান প্রজন্মকে বই পড়ার প্রতি আগ্রহী করে তুলতেই এই বইমেলা।

উল্লেখ্য যে, বইমেলাতে সরকারি ৮টি প্রতিষ্ঠান এবং বেসরকারি ৭৫টি প্রকাশনা প্রতিষ্ঠানের স্টল আছে। এ মেলা চলবে আগামী ২৫ ডিসেম্বর পর্যন্ত। কর্মদিবসে বিকাল ৩ ঘটিকা থেকে রাত ৮ ঘটিকা পর্যন্ত এবং সরকারি বন্ধের দিনে সকাল ১১ ঘটিকা থেকে রাত ৮ ঘটিকা পর্যন্ত এ বইমেলা চলবে।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রহুল/হালিম/২০২৪/১৮:৩০ ঘ.